প্রেস রিলিজ

তারিখ: ১১ নভেম্বর ২০২৬

বাউবির তথ্য ও গণসংযোগ বিভাগ পরিদর্শন করলেন উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান আজ বুধবার (১১ নভেম্বর ২০২৬) দুপুরে বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগ পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি বিভাগের সার্বিক কার্যক্রম, কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে পরিচিতি এবং অফিস কক্ষগুলোর বর্তমান অবস্থা সম্পর্কে খোঁজখবর নেন। এ সময় তিনি বিভাগের চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত হন এবং সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন। এছাড়াও ২০২৭ সালের বাউবি ডায়েরি ও ক্যালেন্ডার যথাসময়ে প্রকাশের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। একই সঙ্গে উপাচার্য প্রশাসন বিভাগের মেডিকেল শাখা, সংগ্রহ শাখা ও যানবাহন শাখাও পরিদর্শন করেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি এম আহমেদ হুসেইন, তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ খালেকুজ্জামান খান, উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক মোঃ আশরাফুল ইসলামসহ সংশ্লিষ্ট বিভাগ ও শাখার কর্মকর্তা-কর্মচারীগণ এ সময়ে উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd